

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সুরক্ষা সেবা বিভাগ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

মাদক-১ শাখা

www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০৬১.২৭.০০৩.১৮ (অংশ)-২৭

তারিখ : ১৩ মাঘ, ১৪৩১
২৭ জানুয়ারি, ২০২৫


বিষয়ঃ জনাব মোঃ ফজলুর রহমান, অতিরিক্ত পরিচালক (সাময়িক বরখাস্ত) এর পক্ষে চাকরী পুনর্বহাল সংক্রান্ত উকিল নোটিশ প্রদান।

সূত্রঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের স্মারক নং-৫৮.০২.০০০০.০০৬.১৮.০১৬.০০-১; তারিখ: ০৫/০১/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জনাব মোঃ ফজলুর রহমান, অতিরিক্ত পরিচালক (সাময়িক বরখাস্ত), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী-কে চার্জশিট নম্বর ৪০, তারিখ ২৩/০৪/০২৪ বিজ্ঞ আদালত কর্তৃক ০২/০৭/২০২৪ তারিখে গৃহীত হয়েছে বিধায় দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ এর ২৭(১) ধারায় এবং দণ্ড বিধির ৪২০/১০৯ ধারা তৎসহ দুর্নীতি প্রতিরোধ আইন ১৯৭৪ এর ৫(২) ধারায় ১৩/০৮/২০২৪খ্রি: তারিখে ২৯৫৮ সংখ্যক স্মারকের সুপারিশের প্রেক্ষিতে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯ (২) নং ধারা অনুযায়ী ১৫ আগস্ট ২০২৪ খ্রি. তারিখ ২৩১ সংখ্যক স্মারকে চাকরি হতে সাময়িক বরখাস্ত থাকায় তাকে অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকায় সংযুক্ত করা হলো।

০২। একই সাথে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(২) ধারায়, “কোনো কর্মচারী কারাগারে আটক থাকিলে, অথবা কোন ফৌজদারি মামলায় শ্রেফতার হইলে বা তাহার বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হইলে, সরকার বা নিয়োগকারী কর্তৃপক্ষ উক্তরূপ আটক, শ্রেফতার বা অভিযোগপত্র গ্রহণের দিন হতে তাকে সাময়িক বরখাস্ত করিতে পারিবে”।

০৩। এমতাবস্থায়, যেহেতু ০৫/০১/২০২৫ তারিখ অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রেরিত সূত্রে উল্লিখিত পত্রে প্রতীয়মান হয় উপরিউক্ত আইন না জানার কারণে তিনি পত্রটি লিখেছেন সেহেতু উপরিউক্ত আইন না জানার কারণ কি তা ব্যাখ্যা প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ মহিউদ্দিন শামীম)
সহকারী সচিব
ফোনঃ ০২-২২৩৩৫৩২২৯
nc1@ssd.gov.bd

মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৪১, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। যুগ্মসচিব (মাদক অধিশাখা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। জনাব মোঃ ফজলুর রহমান, অতিরিক্ত পরিচালক (সাময়িক বরখাস্ত), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। অফিস কপি/মাস্টার কপি।